

(একই স্মারক নম্বর ও তারিখে স্থলাভিষিক্ত হবে)

বাংলাদেশ পর্যটন করপোরেশন
প্রশাসন বিভাগ
৮৩-৮৮ বীর উত্তম এ.কে খন্দকার সড়ক
মহাখালী বা/এ, ঢাকা-১২১২।

স্মারক নং-০০.০৩২.০২৩.২০.০১.০০২.২০১০/২০২৯

০৬ আশ্বিন ১৪২৪


তারিখ:-----

২১ সেপ্টেম্বর ২০১৭

বিজ্ঞপ্তি

বিশ্ব পর্যটন দিবস-২০১৭ উদযাপন উপলক্ষে আগামি ২৭-০৯-২০১৭ তারিখ সকাল ৮:০০ ঘটিকায় এক বর্ণাঢ্য র্যালির আয়োজন করা হয়েছে। র্যালিটি ঢাকার মৎস্য ভবন এর সামনের সড়ক থেকে শুরু হয়ে হাইকোর্ট-দোয়েল চত্বর হয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি এলাকায় এসে শেষ হবে। বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব রাশেদ খান মেনন, এম পি এবং বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটির মাননীয় সভাপতি, জনাব মুহাম্মদ ফারুক খান, এম পি র্যালিতে যথাক্রমে প্রধান অতিথি ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। এছাড়াও বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের সচিব, জনাব এস. এম. গোলাম ফারুক এবং মন্ত্রণালয়ের অন্যান্য কর্মকর্তা, কর্মচারী, স্টেকহোল্ডারসহ সর্বস্তরের জনগণ এ র্যালিতে অংশগ্রহণ করবেন।

২। র্যালিতে অংশগ্রহণের জন্য করপোরেশনের প্রধান কার্যালয়, ডিএফও এর প্রধান অফিস, এনএইচটিটিআই এবং হোটেল অবকাশ ও ঢাকাস্থ শুল্কমুক্ত বিপণীসমূহের ছাড়যোগ্য কর্মকর্তা ও কর্মচারীগণকে সকাল ৭:৩০ ঘটিকায় মৎস্য ভবন এর সামনে উপস্থিতির অনুরোধ জানানো হলো।


২১/৯/১৭
(এস. এম. হুমায়ুন কবির(সরকার))
মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ)

বিতরণ:

- ১। মহাব্যবস্থাপক/অধ্যক্ষ,-----, বাপক, ঢাকা।
- ২। ব্যবস্থাপক/ইউনিট ব্যবস্থাপক-----, বাপক, ঢাকা।
- ৩। ব্যবস্থাপক(শুল্কমুক্ত বিপণীসমূহ), হযরত শাহ জালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ডিএফও, বাপক, ঢাকা।
- ৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বাপক, ঢাকা- চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৫। পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (প্রশাসন ও অর্থ/পরিকল্পনা/বাণিজ্যিক), বাপক, ঢাকা-পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৬। নির্বাহী কর্মকর্তা, সাধারণ সেবা, বাপক, ঢাকা -----তিনি কর্মকর্তা/কর্মচারীগণের র্যালীতে অংশগ্রহণের নিমিত্ত যাতায়াতের ব্যবস্থা করবেন।

তাঁর অধীনস্থ কর্মকর্তা ও কর্মচারীগণকে উক্ত র্যালিতে অংশগ্রহণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।